

SAGAR MAHAVIDYALAYA
INTERNAL EVALUATION - 2020
B.A. Semester- 4(Honours & General)
Subject- Bengali
Paper – SEC-B-2

Time: 2.30 Hours

Full Marks: 50

প্রান্তিক সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

Group-A(Theory)

১। যে-কোনো একটি সংকেত সূত্র অবলম্বনে উপযুক্ত শিরোনামসহ গল্প রচনা করো।(কমবেশি ৩০০ শব্দ) ১ X ১০=১০

- (ক) সংকেত সূত্র:- নিবিড় বর্ষণ – বন্যাপ্লাবিত গ্রাম – প্রবল স্রোত – ভেলায় ভেসে যাচ্ছে দুটি শিশু – নিজের জীবন বিপন্ন করে তাদের উদ্ধার করল এক গৃহবধু।
- (খ) সংকেত সূত্র:- এক অহঙ্কারী পণ্ডিত – খেয়া নৌকাতে নদী পার হচ্ছিলেন – মাঝির অজুতায় তাঁর তাচ্ছিল্য প্রকাশ – মাঝি লেথাপড়া শেখে নি শুনে পণ্ডিত বললেন মাঝির জীবন আট আনাই ব্যর্থ – নৌকা যখন মাঝ নদীতে – প্রবল ঝড় ওঠে – মাঝি বলে – নৌকো ডুবলে সাঁতার দিয়ে সে প্রয়াণে বাঁচবে – ভীত পণ্ডিত বলেন, - তিনি সাঁতার জানেন না – মাঝি বলে – পণ্ডিতের জীবন শোল আনাই ব্যর্থ।
- (গ) সংকেত সূত্র:- রবীন্দ্রনাথ রোজ বিকালে চা খেতেন – ছাত্ররা আসতেন পড়তে – তাঁদের মধ্যে প্রমথনাথ বিশী খাদ্য রসিক ছিলেন – একদিন দুপুরে ভৃত্য সাধুচরণ কবির জন্য একগ্লাস পানীয় নিয়ে এল। প্রমথর লুক্ক দৃষ্টি – কবির কথায় ভৃত্য আর এক গ্লাস পানীয় নিয়ে এল – প্রমথ পানীয় খেয়ে খুব তারিফ করলেন – অন্য ছাত্ররা হিংসে করল। রবীন্দ্রনাথ বললেন – নিমপাতার জল।

২। যে-কোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখো: (কমবেশি ৩০০ শব্দ)

১ X ১০=১০

- (ক) তোমার প্রিয় কবি।
(খ) তোমার প্রিয় কথাসাহিত্যিক।
(গ) দ্রব্যমূল্য বৃদ্ধি ও সমাজ জীবনে তার প্রভাব।
(ঘ) দ্বিশত জন্ম বর্ষে বিদ্যাসাগর।
(ঙ) বর্তমান বৃদ্ধ-বৃদ্ধার সমস্যা।

৩। যে-কোনো দু'টি(২) প্রশ্নের উত্তর দাও:

২ X ৫=১০

- (ক) দু'টি উদাহরণ সহযোগে পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি গৃহীত 'কি' ও 'কী' শব্দের প্রয়োগভেদ নির্ণয় করো।
(খ) বাংলা আকাদেমি নির্দেশিত ভিন্ন অর্থে 'নীচ' শব্দের ব্যবহার উল্লেখ করো।
(গ) বাংলা আকাদেমি গৃহীত 'ঙ' এবং 'ং'(অনুস্বার)এর প্রয়োগ উদাহরণসহ নির্ণয় করো।
(ঘ) কলিকাতা বিশ্ববিদ্যালয় কর্তৃক গৃহীত বানান বিধিতে 'ই', 'ঈ' –এর তিনটি প্রয়োগ উল্লেখ করো।

৪। ভুল বানা সংশোধন করো: (১০টি)

১ X ১০=১০

অংক, দুর্গা, স্বার্থক, প্রতিযোগীতা, সারিরিক, ভোগোলিক, আশীষ, দারিদ্র, পুষ্পাঞ্জলী, পরিষ্কার, পুরষ্কার, বন্দোপাধ্যায়,
দুরাবস্থা, ষড়রিপু

Group-B(Internal Assessment)

১। যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও:

৩ X ২=৬

- (ক) 'আচার্য' / 'আচার্য' – বর্তমানে কোন্টি প্রচলিত? 'আচার্য' শব্দের দুটি অর্থ লেখো।
(খ) ছোটোগল্প কাকে বলে?
(গ) প্রবন্ধ কাকে বলে?
(ঘ) স্বরান্ত ও ব্যঞ্জনান্ত শব্দ বলতে কী বোঝ?
(ঙ) 'তদ্ভব' শব্দ কাকে বলে?
(চ) 'ঘট' ও 'ঘটী' শব্দ দুটির মধ্যে তফাৎ কী?
(ছ) কোন্ রীতি অনুযায়ী 'কার্তিক' ও 'কর্তা' শব্দ দু'টি যথাক্রমে 'কার্তিক' ও 'কর্তা' হয়েছে।

২। যে-কোনো চারটি(৪) প্রশ্নের উত্তর দাও:

১ X ৪=৪

- (ক) বাংলা ছোটগল্পের ভগীরথ কে?
- (খ) 'প্রবন্ধ' শব্দের অর্থ কী?
- (গ) 'চলন্তিকা' নামক বাংলা অভিধানটি কার লেখা?
- (ঘ) 'কী' – এই বানানের প্রবর্তক কে?
- (ঙ) 'সাধারণ ভাষা বিজ্ঞান ও বাংলা ভাষা' – বইটি কার লেখা?
- (চ) 'কি লিখি কেন লিখি' গ্রন্থটির রচয়িতা কে?
- (ছ) 'বানানবিধির গোড়ার কথা' প্রবন্ধটি কার লেখা?
- (জ) 'বাংলা শব্দতত্ত্ব' গ্রন্থটি কে লিখেছেন?